গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।
(সাধারণ শাখা)
www.feni.gov.bd

# ফেব্রুয়ারি ২০১৯ মাসের তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ওয়াহিদুজজামান, জেলা প্রশাসক, ফেনী |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, ফেনী এর সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ | : | ০৬ মে ২০১৯, দুপুর-১২.০০ ঘটিকা |

উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মন্ত্রিপরিষদ বিভাগের ২২ মে ২০১৮ তারিখের ০৪৪ সংখ্যক স্মারকের নির্দেশনা এবং জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী গঠিত তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির কার্যপরিধি ও আলোচ্য বিষয়াবলি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | প্রত্যেক অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ ও অবহিতকরণঃতথ্য অধিকার আইন বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের নির্দেশনা অনুসরণ করে প্রত্যেক অফিসে তথ্য কর্মকর্তা নিয়োগ করা ও নিয়োগপ্রাপ্ত তথ্য কর্মকর্তার নাম নিজ নিজ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা এবং তথ্য কমিশন হতে চাহিত হালনাগাদ তথ্যাদি প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | ০১। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের নির্দেশনানুসারে তথ্য অধিকার কর্মকর্তা নিয়োগ এবং নিয়োগপ্রাপ্ত তথ্য কর্মকর্তার নাম নিজ নিজ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br>০২। তথ্য অধিকার আইনের প্রজ্ঞাপন মোতাবেক চাহিত তথ্য আবেদনকারীদেরকে যথাসময়ে সরবরাহ করতে হবে। | সকল অফিস প্রধানগণ |
| ২ | তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিঃ তথ্য অধিকার আইন বাস্তবায়ন সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টিকরণ, জনসাধারণের মাঝে সঠিকভাবে তথ্য সেবা প্রদান এবং তথ্য অধিকার আইনের বিধান অনুযায়ী স্ব-স্ব অফিসের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সম্পর্কে অবহিত করে তথ্য অধিকার সম্পৃক্ত সকল কার্যক্রমে আন্তরিক হওয়ার বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ১। সকল সরকারি বেসরকারি দপ্তরে তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে ব্যাপক জনসেচেতনতা সৃষ্টি, যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে আবেদিত/চাহিত তথ্য আবেদনকারীদেরকে যথাসময়ে প্রেরণ করতে হবে।<br>২। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত তথ্য অধিকার আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ স্ব স্ব দপ্তর ও উপজেলা পর্যায়ে সভা-সেমিনার-এর আয়োজন করতে সকল সরকারি বেসরকারি দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কমিটি |
| ৩ | তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে গঠিত কমিটি সমুহের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ:<br>মন্ত্রিপরিষদ বিভাগের তথ্য অধিকার শাখার স্মারক নং-০৪৪, তারিখ: ২২ মে ২০১৮ মূলে তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত ৩টি পর্যায়ে কমিটি গঠনপূর্বক প্রজ্ঞাপন জারি করেছে:-<br>ক) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি;<br>খ) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি; এবং<br>গ) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি। | ১। কমিটির কার্যপরিধি:<br>ক। জারিকৃত প্রজ্ঞাপনের কমিটির কার্যপরিধিতে তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;<br>খ। তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং চাহদাকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;<br>গ। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;<br>ঘ। তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন;<br>ঙ। তথ্য অধিকার বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়;<br>চ। জেলা অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ | সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | | কমিটির কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান;<br>ছ। তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;<br>জ। নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে বিভাগীয় পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ;<br>২। জেলা কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হওয়া এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য কমিশনে প্রেরণ। | |
| ৪ | **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,** বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপিল কর্তৃপক্ষের নাম ও পদবিসহ অন্যান্য তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশঃ প্রতিটি কার্যালয় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্পদায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং আপিল কর্তৃপক্ষের নাম ও পদবিসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ এবং তাদের কার্যক্রমগুলো সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করে নিজ নিজ কার্যালয়ের নির্ধারিত ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ০১. এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ এবং তফসিলি ব্যাংকসহ যে সকল দপ্তর এখনো তথ্য প্রদান ইউনিটে অন্তর্ভুক্ত হয়নি জরুরী ভিত্তিতে সে সকল দপ্তরকে তথ্য প্রদান ইউনিটে অন্তর্ভুক্ত করতে হবে।<br>০২. প্রতিটি কার্যালয় তাদের সংশ্লিষ্ট ওয়েব পেজগুলোকে নিয়মিত আপডেট করবেন যাতে প্রয়োজনীয় তথ্য হালনাগাদ অবস্থায় পাওয়া যায়। | সংশ্লিষ্ট কমিটি |
| ৫ | **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের অনলাইন প্রশিক্ষণ নিশ্চিতকরণঃ** www.infocom.gov.bd এ প্রবেশ করে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণের জন্য সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।<br>উল্লেখ্য যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ছাড়াও সকল অফিস প্রধানগণ এ প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। | ০১. সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে www.infocom.gov.bd সাইট-এ প্রবেশ করে জরুরী ভিত্তিতে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণপূর্বক সনদ সংগ্রহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় তাগীদ দেয়া হয়। | সকল অফিস প্রধানগণ |
| ৬ | **কমিটির সদস্যবৃন্দের নিজ নিজ দপ্তরসহ নির্বাচিত প্রতিষ্ঠানসমূহে বিলবোর্ড দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিতকরণঃ** প্রত্যেক অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্পদায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের নাম ও পদবিসহ অন্যান্য তথ্যাদি সম্বলিত বিলবোর্ড নিজ নিজ কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রদর্শনের নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয়।<br>এছাড়াও জেলা কমিটির সকল সদস্যকে নির্ধারিত (পরিশিষ্ট-ক) অফিসমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের নাম ও পদবিসহ অন্যান্য তথ্যাদি সম্বলিত বিলবোর্ড দর্শনীয় স্থানে প্রদর্শন নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয়। | ০১. যে সকল দপ্তরে এখনো দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের নাম ও পদবিসহ অন্যান্য তথ্যাদি সম্বলিত বিলবোর্ড স্থাপন করা হয়নি, সেসকল দপ্তর প্রধানগণকে জরুরী ভিত্তিতে বর্ণিত বিলবোর্ড স্থাপন করার জন্য সভায় অনুরোধ করা হয়।<br>০২. গঠিত জেলা কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট দপ্তরে বিলবোর্ড স্থাপনের বিষয়টি তদারকি করবেন। | সংশ্লিষ্ট কমিটি |
| ৭ | বিবিধঃ তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে কমিশন হতে চাহিত তথ্যাদিসহ সকল তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য কমিশনের ছক মোতাবেক চাহিত তথ্যাদি সঠিকভাবে সঠিক সময়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

অতঃপর আর কোন জরুরী আলোচনা না থাকায় তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও তথ্য সেবা প্রদানে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

8.5.19

(মোঃ ওয়াহিদুজজামান)
জেলা প্রশাসক
ফেনী।
ফোন: ০৩৩১-৭৪০০০, ০১৭১৩-১৮৭৩০০
ফ্যাক্স: ০৩৩১-৬১৪০৪
Email: dcfeni@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.৩০০০.০০৫.০৬.০০৬.১৮- ৪৬৭

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৬
০৮ মে ২০১৯

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪। পরিচালক (প্রশাসন) তথ্য কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
৫। পুলিশ সুপার, ফেনী
৬। সিভিল সার্জন, ফেনী
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেনী সদর
৮। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), ফেনী
৯। অধ্যক্ষ, সোনাগাজী সরকারি কলেজ, সোনাগাজী, ফেনী
১০। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/সোনাগাজী/দাগনভূঞা/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম,ফেনী
১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফেনী
১২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ফেনী
১৩। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ফেনী
১৪। জেলা তথ্য অফিসার, ফেনী
১৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী
১৬। জেলা শিক্ষা অফিসার, ফেনী
১৭। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেনী
১৮। সভাপতি, প্রেসক্লাব, ফেনী।
১৯। সভাপতি, ফেনী জেলা বার অ্যাসোসিয়েশন, ফেনী।
২০। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ফেনী।
২১। এ্যাডভোকেট জাহাঙ্গীর আলম নান্টু, নির্বাহী পরিচালক এফএইচডিএফ, ফেনী।
২২। জনাব বিনয় ভূষন চৌধুরী, প্রোগ্রামার কো-অর্ডিনেটর, বিএলএফ, ফেনী।
২৩। জনাব ফরিদা ইয়াসমিন, প্রধান নির্বাহী, সাহাপুর দুঃস্থ মহিলা উন্নয়ন সমিতি, সোনাগাজী, ফেনী।
২৪। জনাব রোকেয়া ইসলাম, একতা সমাজ উন্নয়ন সংস্থা, ধর্মপুর, ফেনী সদর।
২৫। জনাব আব্দুল মোতালেব, সাধারণ সম্পাদক, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, ফেনী।

০৮/০৫/২০১৯

(সুজন চৌধুরী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ফেনী
ফোন : ০৩৩১-৬২৮০৪
সেলফোন : ০১৭১৩-১৮৭৩০১
Email : dcfeni@mopa.gov.bd